

এসকে সোহেল | খুলনা | 23 June, 2025

বাগেরহাটের সুন্দরবনে অভিযান চালিয়ে বনদস্যু শরীফ বাহিনীর সদস্য মোঃ সোহেল হোসেন মিঠু (৩৭)কে আটক করেছে কোস্টগার্ড পশ্চিম জোন মোংলা। সোমবার (২৩ জুন) ভোরে সুন্দরবন পূর্ব বন বিভাগের শিবসা নদীর আড়ভাওয়ানী খালে একটি অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। এসময়, তার কাছ থেকে ১ টি একনলা বন্দুক, ৩ রাউন্ড তাজা কার্তুজ উদ্ধার করা হয়।

আটক সোহেলের বাড়ি খুলনার দাকপ উপজেলায়। তিনি দীর্ঘদিন ধরে কুখ্যাত ডাকাত করিম শরীফের সঙ্গে ডাকাতি এবং ডাকাত দলকে অস্ত্র, গোলাবারুদ ও রসদ সরবরাহ করে সহযোগিতা করে আসছিল। সুন্দরবনকে দস্যুমুক্ত রাখতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে জানান বাংলাদেশ কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেঃ কমান্ডার বিএন হারুন-অর-রশীদ।

তিনি বলেন, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে বনদস্যু শরীফ বাহিনীর সদস্য মোঃ সোহেল হোসেন মিঠুকে আটক করা হয়েছে। সুন্দরবনের দস্যু নিয়ন্ত্রণে কোস্টগার্ড গোয়েন্দা কার্যক্রম ও অভিযানের পরিমাণ বৃদ্ধি করা হয়েছে। সুন্দরবনকে দস্যুমুক্ত করতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে জানান তিনি।

কোস্টগার্ড আটক সুন্দরবন